# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 02 April, 2025

ঈদুল ফিতর উপলক্ষে পাবনার চাটমোহরে জগতলা নাইট ক্রিকেট টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১ এপ্রিল) সন্ধ্যায় জগতলা যুব সমাজের আয়োজনে জগতলা মাদ্রাসা মাঠে প্রধান অতিথি হিসেবে টুর্নামেন্ট উদ্বোধন করেন এনজিও ব্যক্তিত্ব গোলাম সরোয়ার বাচ্চু।

এ সময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,
৯ নম্বর ওয়ার্ড ইউপি সদস্য ফরহাদ হোসেন মানিক, সাবেক ইউপি সদস্য আনোয়ার হোসেন, কালের কণ্ঠের চাটমোহর প্রতিনিধি আব্দুল লতিফ রঞ্জু,  সনজিত সরকার, আবুল হাশেম, শিক্ষক আমিনুল ইসলাম, আনিসুর রহমান।

নকআউট ভিত্তিক সিক্স এ সাইড এই টুর্নামেন্টে ৮টি দল অংশ নেয়।দলগুলো হলো এস এস ভিআইপি, জগতলা রয়েল স্টার ক্লাব, জগতলা ইয়াং স্টার ক্লাব, ইয়ং বয়েজ ক্রিকেট ক্লাব, জগতলা রয়েলস, বাংলা টাইগার, কিশোর টাইগার্স, রুহী সোহান ক্রিকেট একাদশ।

প্রথম পর্বে খেলা শেষে চারটি দল সেমিফাইনালে অংশ নেয়।সেখান থেকে জয়ী হয়ে ফাইনালে অংশ নেয় জগতলা রয়েল স্টার ক্লাব ও জগতলা ইয়াং স্টার ক্লাব।

ফাইনালে জগতলা রয়েল স্টার ৬ উইকেটে জগতলা ইয়াং স্টারকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়।ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন জগতলা রয়েল স্টারের রাসেল এবং ম্যান অব দ্যা সিরিজ নির্বাচিত হন জগতলা ইয়াং স্টারের সাদ্দাম।

খেলা শেষে পুরস্কার বিতরণ করেন অতিথিরা।অনুষ্ঠানটি উপস্থাপনা ও সার্বিক ব্যবস্থাপনায় নিলেন নাজিম উদ্দীন ও বাবুল আকতার।

ঈদুল ফিতর নাইট ক্রিকেট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:01

URL: https://www.timestodaybd.com/public/rajshahi/223786081